শ্রীলঙ্কার প্রধানমন্ত্রীকে সরকারি বাড়ি থেকে উদ্ধার করলো সেনাবাহিনী

চেম্বার ডেস্ক :: সদ্য ক্ষমতা ছাড়া শ্রীলঙ্কার প্রধানমন্ত্রী মাহিন্দা রাজাপাকসেকে তার সরকারি বাড়ি থেকে উদ্ধার করেছে সেনাবাহিনীর ভারী অস্ত্রধারী সদস্যরা। হাজারো বিক্ষোভকারী তার বাড়ি সামনে অবস্থান নেয় এবং প্রধান ফটক ভেঙে বাড়িতে ঢোকার চেষ্টা করে।

প্রধানমন্ত্রীর সরকারি বাসভবন টেম্পল ট্রি’র মূল ভবনে মঙ্গলবার ভোরে হামলার চেষ্টা করে বিক্ষোভকারীরা।

এক জেষ্ঠ্য নিরাপত্তা কর্মকর্তা জানিয়েছেন, ভোরের দিকের অভিযানে প্রধানমন্ত্রী ও তার পরিবারকে নিরাপদে সেনাবাহিনী উদ্ধার করেছে। এসময় সেখান থেকে অন্তত ১০টি পেট্রোল বোমা উদ্ধার করা হয়।

মাহিন্দাকে উদ্ধার করে এক অজ্ঞাত জায়গায় রাখা হয়েছে।